



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/28/2023

গভর্নর ক্যাথি হোকল

## সামাজিক সমতাপূর্ণ গাঁজা বিক্রির দোকানগুলোর উপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার ব্যাপারে দ্বিতীয় রায়ের সিদ্ধান্ত সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"নিউ ইয়র্কের নতুন গাঁজা শিল্প দেশের মধ্যে সবচেয়ে ন্যায্য এবং সবচেয়ে নিরাপদ বাজার তৈরি করার মাধ্যমে সামাজিক সমতার প্রসার ঘটানো এবং অতীতের ভুল সংশোধন করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। আমি আনন্দিত যে একটি ফেডারেল আপিল আদালত *ভ্যারিসাইট NY ওয়ান, ইনক. (Variscite NY One, Inc.) বনাম অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট (Office of Cannabis Management), প্রমুখ মামলায় নিউ ইয়র্ক স্টেটের পক্ষে আদেশ জারি করেছেন।* এই রায় নিউ ইয়র্কের সামাজিক সমতাভিত্তিক উদ্যোগদেরকে সেন্ট্রাল নিউ ইয়র্ক, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, মিড-হাডসন অঞ্চল ও ব্রুকলিনে নিরাপদ, নিয়ন্ত্রিত গাঁজা বিক্রির ডিসপেনসারি চালু করার অনুমতি প্রদান করবে। প্রথমবারের মতো, স্টেটের প্রায় প্রতিটি অঞ্চলের নিউ ইয়র্কবাসীরা অধিকতর নিরাপদ, উচ্চ-মানসম্মত, প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের গাঁজা পণ্যের অ্যাক্সেস পাবে। গাঁজা বাজারের জন্য আমাদের নিরাপদ ও সমতাপূর্ণ প্রচেষ্টার মাধ্যমে নিউ ইয়র্ক যাতে দেশের মধ্যে নেতৃস্থানীয় অবস্থানে থাকে তা নিশ্চিত করতে আমি অঙ্গীকারাবদ্ধ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্রাইব করুন](#)